সমকাল

তারিখ ০৯ MAR 2017
পৃষ্ঠা ৮ কলাম ৬

## হেডমাস্টার নয় প্রিন্সিপাল পদবি চাই

কলেজ বাদে কিন্ডারগার্টেন স্কুলের প্রধানের পদবি প্রিন্সিপাল (অধ্যক্ষ), বেসরকারি স্কুল অ্যান্ড কলেজের প্রধানের পদবি প্রিন্সিপাল (অধ্যক্ষ) অথচ মাধ্যমিক স্কুলের প্রধানের পদবি হেডমাস্টার! অর্থাৎ প্রধান প্রভু বা প্রধান পণ্ডিত বা জ্ঞানী। বাংলায় প্রধান শিক্ষক, যেটাকে ইংরেজি করলে হয় হেডটিচার। এই প্রধান শিক্ষকের বাংলা পদবির সঙ্গে ইংরেজি পদবির কোনো মিল নেই। তবুও তা যুগ যুগ ধরে চলে আসছে। পশুসম্পদ কর্মকর্তা প্রাণিসম্পদ কর্মকর্তা হতে পারেন; কিন্তু হেডমাস্টার কখনও হেডটিচার হতে পারেন না-প্রিন্সিপাল (অধ্যক্ষ) হতে পারে না। বেশ কিছু সরকারি হাইস্কুলে কলেজ শাখা থাকলেও সেখানকার প্রধানের পদবিও হেডমাস্টার! জেলা প্রশাসকের সাবস্টিটিউট অতিরিক্ত জেলা প্রশাসক হতে পারে, পুলিশ সুপারের সাবস্টিটিউট অতিরিক্ত পুলিশ সুপার হতে পারেন; কিন্তু হেডমাস্টারের সাবস্টিটিউট সহকারী হেডমাস্টার (অতিরিক্ত হেডমাস্টার নয়)! ইংরেজরা তাদের শিক্ষাগুরুদের মাস্টার (প্রভু) হিসেবে সম্বোধন করে। শিক্ষকতা পেশা তারা অতি মহান ও জ্ঞানী ব্যক্তিদের পেশা মনে করে। শিক্ষকদের তারা যথাযথ সম্মান এবং সবচেয়ে মেধাবী শিক্ষার্থীদের এই জায়গায় স্থান দেয়। আর বাংলাদেশে অনেক মেধাবী শিক্ষার্থী শিক্ষক হতে চায় না, তা আমরা সবাই জানি। ব্যতিক্রম ব্যতীত। ক্যাডারের ভেতর সবচেয়ে খারাপ ক্যাডার শিক্ষা ক্যাডার। যেখানে তেল আর ঘিয়ের মূল্য সমান। সরকারিকরণের যন্ত্রণায় শিক্ষা ক্যাডার এখন ভাগাড় ক্যাডারে পরিণত হয়েছে। সরকারি হাইস্কুলের অবস্থাও এখন একই রকম। হেডমাস্টার পদবিটি প্রধান শিক্ষকের পদবির সঙ্গে একটা ব্যঙ্গাত্মক, হাস্যরসপূর্ণ ও অপমানজনক লেবাস ছাড়া আর কিছুই নয়। জাতীয় শিক্ষানীতির আলোকে মাধ্যমিক সেক্টর আলাদাপূর্বক হেডমাস্টারের পদ প্রিন্সিপালে (মাধ্যমিক) রূপান্তর এখন সময়ের দাবি। আশা রাখি, কর্তৃপক্ষ বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করবে।

মো. আশরাফুল ইসলাম
চুয়াডাঙ্গা